**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যে খাদ্য সামগ্রীর মজুতের পরিমাণ বৃদ্ধি করার উপর গুরুত্ব আরোপ করেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রাজ্যভিত্তিক টি.বি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের প্রচার কর্মসূচির সূচনা করেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আর্থিক সাক্ষরতা এবং বীমা সচেতনতা প্রচারের জন্য বীমা সখী যোজনা চালু করেছেন ।**

**(৪) থাইল্যান্ডে অনুষ্ঠিত এশিয়ান স্কুল দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস আরো একটি রৌপ্য পদক পেয়েছে ।**

**********************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলার নন্দননগরে ভারতীয় খাদ্য নিগমের গুদাম পরিদর্শন করেন। পরিদর্শনকালে খাদ্য গুদামের মজুত খাদ্য সামগ্রীর গুণগতমান পরীক্ষার পরিকাঠামোও খতিয়ে দেখেন। তিনি বলেন, রাজ্যে এফ.সি.আই-এর গুদামে পরিকাঠামো ভালো, তবে গাড়িতে খাদ্য সামগ্রী তোলা ও নামানোর ক্ষেত্রে ক্ষেত্রে পুরনো পদ্ধতির বদল করে আধুনিক পদ্ধতি চালু করা প্রয়োজন। রাজ্যে খাদ্য

সামগ্রী আরো বেশি করে মজুতের উপর গুরুত্ব আরোপ করে রাজ্যপাল বলেন,

##########Byte########

*****************************

**TB-Sepahiajala :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রাজ্যভিত্তিক টি.বি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের প্রচার কর্মসূচির সূচনা করেন। এ উপলক্ষ্যে সিপাহীজলা জেলার বিশালগড় টাউন হলে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যক্ষ্মা নির্মূলীকরণের লক্ষ্যে জন সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। এই বিষয়ে আমাদের সিপাহীজলা সংবাদদাতা অভিজিৎ বর্ধনের প্রতিবেদন,

#####Voice 1 #######

#######Byte #####

#######Voice2 ####

#######Voice 3 #####

*******************************

**Sushanta-Neermahal :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মেলাঘরের রাজঘাটে প্রমো ফেস্ট এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, আগামী দু বছরের মধ্যে রাজ্যের পর্যটন ক্ষেত্রের ব্যাপক উন্নয়ন হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক তফাজ্জল হোসেন, বিন্দু দেবনাথ, কিশোর বর্মন প্রমুখ। পর্যটনমন্ত্রীর উপস্থিতিতে নীরমহলে পুনরায় চালু হয় লাইট অ্যান্ড সাউন্ড শো। তাছাড়া এই প্রমো ফেস্ট উপলক্ষে রুদ্রসাগরের রাজঘাটে অনুষ্ঠিত হয়েছে ফুড ফেস্টিবল, ক্যানভাস পেন্টিং সহ বিভিন্ন গ্রামীন খেলা।

****************************

**Goutam Pal Death :**

রাজ্যের বিশিষ্ট উদ্যোগপতি গৌতম পাল আজ সকালে কলকাতায় একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬০ বছর। তিনি স্ত্রী ও এক কন্যা রেখে গেছেন। তাঁর প্রয়ানে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, পর্যটন মন্ত্রী মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, মেয়র দীপক মজুমদার প্রমুখ।

****************************

**Paddy procurement-Sabroom :**

আগামী ১৯শে ডিসেম্বর থেকে সাব্রুম মহকুমার তিনটি স্থানে রাজ্য সরকার সহায়ক মূল্যে কৃষকদের কাছে ধান ক্রয় করবে। এর প্রস্তুতির জন্য আজ বিধায়ক মাইলাফ্রু মগের পৌরাহিত্যে মহকুমা শাসকের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত জানান, আগামী ১৯ ডিসেম্বর থেকে ২৯ ডিসেম্বর পর্যন্ত পোয়াংবাড়ি ব্লকের কৃষ্ণনগর পঞ্চায়েত মাঠে, দোসরা জানুয়ারি থেকে ৫ই জানুয়ারী সাতচাঁদ ব্লকের রাজীবনগর স্কুল মাঠে এবং ৮ই জানুয়ারী থেকে ১১ই জানুয়ারী ব্রজেন্দ্রনগর স্কুল মাঠে কৃষকদের কাছ থেকে ধান কেনা হবে।

******************************

**Congress-Sachindra Lal Singh :**

রাজ্যের প্রথম মুখ্যমন্ত্রী শচীন্দ্র লাল সিং-এর প্রয়ান দিবস আজ আগরতলায় প্রদেশ কংগ্রেসের উদ্যোগে যথাযথ মর্যাদায় পালন করা হয়। কংগ্রেস ভবনে শচীন্দ্র লাল সিং-এর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Review Meeting-Khowai :**

চলতি অর্থবছরে খোয়াই জেলায় মৎস্য, প্রাণী সম্পদ এবং তপশিলী জাতি কল্যাণ দপ্তরের প্রকল্পগুলির বাস্তবায়ন নিয়ে আজ খোয়াই জেলা শাসকের কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন মন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক রঞ্জিত দেববর্মা, নির্মল বিশ্বাস, পিনাকী দাস চৌধুরী, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পান্ডে প্রমুখ।

*****************************

**PM, Bima Sakhi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হরিয়ানার পানিপথে মহিলাদের মধ্যে আর্থিক সাক্ষরতা এবং বীমা সচেতনতা প্রচারের জন্য বীমা সখী যোজনা চালু করেছেন। লাইফ ইন্স্যুরেন্স কর্পোরেশন অফ ইন্ডিয়ার এই উদ্যোগটি ১৮ থেকে ৭০ বছর বয়সী মহিলাদের ক্ষমতায়ন করবে। এর দশম শ্রেণী উত্তীর্ণদের প্রথম তিন বছরের জন্য বিশেষ প্রশিক্ষণ এবং বৃত্তি দেয়া হবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী সম্ভাব্য বীমা সখীদের নিয়োগ সনদপত্র বিতরণ করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কর্নালের মহারানা প্রতাপ হর্টিকালচারাল ইউনিভার্সিটির মূল ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন। এই উপলক্ষে আয়োজিত সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে তাঁর সরকার গত ১০ বছরে নারীর ক্ষমতায়নের জন্য অভূতপূর্ব পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, বীমা সখী যোজনা চালুর মধ্য দিয়ে দেশ নারীর ক্ষমতায়নের দিকে আরও এক ধাপ এগিয়ে গেল। তিনি জানান যে কয়েক বছর আগে, তিনি পানিপথ থেকেই 'বেটি বাঁচাও-বেটি পড়াও' প্রচারাভিযান শুরু করেছিলেন।

অনুষ্ঠানে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেন, সরকার তিন বছরে বীমা সখী যোজনার আওতায় দুই লক্ষেরও বেশি নারীকে নিয়োগের লক্ষ্য নির্ধারণ করেছে।

*****************************

**Bikram Mishri :**

ভারতের বিদেশ সচিব বিক্রম মিস্রি বলেছেন, ভারত বাংলাদেশের সঙ্গে ভবিষ্যতেও অতীতের সম্পর্ক বজায় রাখতে আগ্রহী। তিনি আজ ঢাকায় পদ্মা অতিথিশালায় বাংলাদেশের বিদেশ সচিব জসিম উদ্দিনের সঙ্গে বৈঠক করেন। পরে তিনি আজ ঢাকায় পররাষ্ট্র মন্ত্রকে বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গেও বৈঠক করেন। তিনি সাংবাদিকদের জানান, ভারত বাংলাদেশের সঙ্গে একটি ইতিবাচক, গঠনমূলক এবং পারস্পরিক উপকারী সম্পর্ক চায়। তিনি জানান, সংখ্যালঘুদের নিরাপত্তার বিষয়ে বাংলাদেশ সরকারকে উদ্বেগের কথা জানানো হয়েছে। শ্রী মিস্রি বলেন, বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে ভারতের এটাই প্রথম বিদেশ সচিব স্তরের বৈঠক।

***************************

**Rising Rajasthan Global Summit-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিশ্বের প্রতিটি বিনিয়োগকারী ভারতকে নিয়ে উচ্ছ্বসিত। আজ রাজস্থানের জয়পুরে আয়োজিত "রাইজিং রাজস্থান গ্লোবাল ইনভেস্টমেন্ট সামিট ২০২৪"-এ বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন দেশ স্বনির্ভর হওয়ার যাত্রা শুরু করেছে। 'আত্মনির্ভর ভারত' প্রচারাভিযানের প্রভাবও বিশ্বব্যাপী। এ জন্য সরকার সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে এগোচ্ছে। সংস্কার, সম্পাদন এবং রূপান্তরের মন্ত্র অনুসরণ করে ভারত যে উন্নয়ন করেছে তা প্রতিটি ক্ষেত্রে দৃশ্যমান। তিনি আরও বলেন, স্বাধীনতার সাত দশকে ভারত বিশ্বের একাদশ বৃহত্তম অর্থনীতিতে পরিণত হতে পেরেছিল, কিন্তু এক দশকে দেশটি

অসাধারণ প্রবৃদ্ধি দেখিয়েছে এবং বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে। তিনি আরো বলেন ভারতের সাফল্য গণতন্ত্র, জনসংখ্যা, ডিজিটাল ডেটা এবং বিতরণের শক্তিকে প্রতিফলিত করে। প্রধানমন্ত্রী বলেন,

##########Byte##########

******************************

**Aaradhya's Gold :**

থাইল্যান্ডে অনুষ্ঠিত এশিয়ান স্কুল দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস আরো একটি রৌপ্য পদক পেয়েছে। রেপিড দলগত বিভাগে ৭ রাউন্ডে ৫ পয়েন্ট স্কোর করে ভারতীয় দলের হয়ে আরাধ্যা আজ রৌপ্য পায়। এর আগে গতকাল ক্ল্যাসিক্যাল দাবায় আরাধ্যা দলগত বিভাগে স্বর্ণ ও ব্যাক্তিগত বিভাগে ব্রোঞ্জ পেয়েছিল।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা করবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

*****************************